


বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
প্রশাসন পরিদপ্তর

তারিখ : ২৫ জুলাই ২০১৯

প্রশাসনিক বিজ্ঞপ্তি নং-১১/২০১৯

বিষয়ঃ বিমান প্রশাসনিক ভবনকে নো স্মোকিং জোন ঘোষণাকরণ প্রসংগে।

- ০১। কর্তৃপক্ষ গভীর উদ্বেগের সংগে লক্ষ্য করছেন যে, বিমান প্রশাসনিক ভবনে কর্মরত ধূমপায়ী কর্মকর্তা/কর্মচারীগণ যত্রতত্র বিশেষ করে ওয়াশরুমের সামনে ও বিকল্প সিড়িতে ধূমপান করেন। ফলে অধূমপায়ী এবং মহিলা কর্মকর্তা/কর্মচারীগণ ওয়াশরুমে যাতায়াতে অস্বস্তিকর অবস্থার মধ্যে পড়েন এবং বিরতবোধ করেন, যা অফিসের স্বাভাবিক পরিবেশ সুরক্ষায় বিঘ্ন সৃষ্টি করে এবং দৃষ্টিকটুও বটে। এভাবে ধূমপানের ফলে আগুন লাগার সম্ভাবনা থেকে যায়, যাতে ধ্বংস হতে পারে সম্পত্তি, অফিসিয়াল ডকুমেন্টস। ধূমপান স্বাস্থ্য ও পরিবেশের জন্যও ক্ষতিকর। তাছাড়া, অত্র ভবনে বিমানের স্টোরসহ অনেক গুরুত্বপূর্ণ অফিস থাকায় যেখানে সেখানে ধূমপান করা ভবনের নিরাপত্তার জন্যও হুমকি স্বরূপ।
- ০২। কর্তৃপক্ষ অনতিবিলম্বে ধূমপায়ী কর্মকর্তা/কর্মচারীদের ধূমপানের জন্য একটি ধূমপানের জোন তৈরীর পরিকল্পনা গ্রহণ করেছেন, যা প্রক্রিয়াধীন রয়েছে। এমতাবস্থায়, বিমান কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে বিমান প্রশাসনিক ভবনে কর্মরত ধূমপায়ী কর্মকর্তা/কর্মচারীদেরকে ধূমপান হতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং প্রশাসনিক ভবনকে নো স্মোকিং জোন হিসেবে ঘোষণা করা হলো।
- ০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(জিয়াউদ্দীন আহমেদ)
পরিচালক প্রশাসন

বিতরণঃ

- ০১। সকল পরিচালক।
- ০২। সকল মহাব্যবস্থাপক/অধ্যক্ষ, বিএটিসি/হিসাব নিয়ন্ত্রক/চিফ অফ ট্রেনিং/চিফ অফ টেকনিক্যাল/চিফ অফ ফ্লাইট সেফটি/চিফ অফ সিডিউলিং এন্ড প্ল্যানিং/প্রধান প্রকৌশলী/ কোম্পানি সেক্রেটারি।
- ০৩। সংশ্লিষ্ট সকল উপ-মহাব্যবস্থাপক/প্রধান প্রশিক্ষক/উপ-প্রধান প্রকৌশলী/প্রধান চিকিৎসক/সিএমআইএস।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক-এর ব্যবস্থাপক সমন্বয়-ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৫। সংশ্লিষ্ট সকল ব্যবস্থাপক/ জেলা ব্যবস্থাপক/ স্টেশন ব্যবস্থাপক।
- ০৬। ইনচার্জ সকল প্রশাসনিক সেল-সংশ্লিষ্ট দপ্তর/পরিদপ্তর/বিভাগ/উপ-বিভাগ/শাখাকে অবহিতকরণপূর্বক সংরক্ষণের জন্য।
- ০৭। নোটিশ বোর্ড।

16002
25/07/19